

(প্রেস বিজ্ঞপ্তি)

২৩ ফেব্রুয়ারী ২০২২

অমর একুশে বইমেলা পরিষদের আলোচনা সভা

একুশের চেতনার নিয়ে নতুন প্রজন্মকে

দেশ গড়ার মানসিকতায় তৈরি করতে হবে - আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে সৃজনশীল প্রকাশনা পরিষদ ও নাগরিক সমাজের সহযোগিতায় বঙ্গবন্ধুকে নিবেদিত অমর একুশে বইমেলা ২০২২এর ৪র্থ দিনের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে সাবেক মেয়র ও মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেছেন, একুশে ফেব্রুয়ারি যুগে যুগে আমাদের প্রেরণার উৎস হয়ে আছে। বিশেষ করে ৫২, ৬৬, ৬৯ এবং ৭১ এর একুশে ফেব্রুয়ারি বাঙালির জাতীয় মুক্তি সংগ্রামের ইতিহাসে এক অনন্য উচ্চতায় আসীন। একুশের চেতনায় পতাকা হাতে নিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা নেতৃত্বে বাংলাদেশে সুন্দরভাবে সামনের দিকে অগ্রসর হয়ে একের পর এক লক্ষ্য পূরণ করেছে। সঠিকভাবে করোনার পরিস্থিতি মোকাবেলা ও কোভিড ভ্যাক্সিন প্রদানে বাংলাদেশ ইতিমধ্যে সারাবিশ্বে দৃষ্টান্ত স্থাপন করেছে। জনহিতকর এসব সাফল্য বিশ্বে বাংলাদেশকে মর্যাদা বৃদ্ধি করেছে। এসব সফলতার মূলেই একুশের চেতনা কাজ করেছে। আজ বুধবার বইমেলার ৪র্থদিনের আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

বিশিষ্ট নাট্যজন অভীক ওসমান'র সভাপতিত্বে অমর একুশে বই মেলা কমিটির আহ্বায়ক কাউন্সিলর ড. নিছার উদ্দিন আহমেদ মঞ্জু, কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব। উপস্থিত ছিলেন চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের নির্বাহী সদস্য বেলাল আহমেদ।

মেলা কমিটির আহ্বায়ক কাউন্সিলর ড. নিছার উদ্দিন আহমেদ মঞ্জু বলেন, চসিক আয়োজিত বইমেলা সার্বজনীন রূপ পাওয়ায় আমরা গর্বিত। তিনি সাবেক মেয়র বিশিষ্ট ক্রীড়া সংগঠক আ জ ম নাছির উদ্দীনের কারণে বইমেলা জিমনেসিয়াম চত্বরেটি ব্যবহারের সুযোগ হয়েছে, অন্যদিকে প্রকাশক, নাগরিক সমাজ সমন্বয়ের একটি ক্ষেত্র প্রস্তুত হয়েছে বইমেলার মাধ্যমে। বইমেলাকে প্রাণের উৎসবে পরিণত করার প্রয়াসে সকল মহলের যে সহযোগিতা পেয়েছি তার জন্য মেলা আহ্বায়ক হিসেবে সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি।

সভাপতির বক্তব্যে নাট্যজন অভীক ওসমান বলেন, চট্টগ্রাম সর্বকালের সর্বযুগের আন্দোলন সংগ্রামের অগ্রণী ভূমিকা পালন করেছে, এমনকি ভাষা আন্দোলনেও অগ্রণী ভূমিকায় ছিল চট্টগ্রাম। তিনি চট্টগ্রামের বইমেলা আয়োজনের সূচনায় যারা ভূমিকা রেখেছেন তাদের উদ্যোগকেও স্মরণ রাখার আহ্বান জানান।

আলোচনা শেষে বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজনে দলীয় সঙ্গীত পরিবেশন করে বংশী শিল্পকলা একাডেমি এবং নৃত্য পরিবেশন করে চারুতা নৃত্যকলা একাডেমি। একক সঙ্গীতে নিশা চক্রবর্তী, শামসুল হায়দার তুষার ও শিমলী দাশ। বইমেলার ৫ম দিন আগামীকালের বিষয় রবীন্দ্র উৎসব।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩